

# মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাননীয় দাতো' সেরি আনোয়ার বিন ইব্রাহিমের ভারত রাষ্ট্রীয় সফর (১৯-২১ অগাস্ট, ২০২৪)

অগাস্ট 18, 2024

১৯-২১ অগাস্ট ২০২৪ তারিখে ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী দাতো' সেরি আনোয়ার বিন ইব্রাহিম ভারত সফরে অংশগ্রহণ করবেন। এটি মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হিসেবে আনোয়ার ইব্রাহিমের প্রথম সফর হতে চলেছে।

২. ২০ অগাস্ট প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম রাষ্ট্রপতি ভবনের প্রাঙ্গণে আনুষ্ঠানিক অভ্যর্থনা গ্রহণ করবেন এবং রাজঘাটে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানাবেন। এর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করবেন এবং প্রধানমন্ত্রী মোদী তাঁর সম্মানে একটি মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। একই দিনে প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করবেন। সফরের সময় ভারতের বিদেশ মন্ত্রী ড. এস. জয়শঙ্করও প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করবেন।

৩. ভারত ও মালয়েশিয়ার মধ্যে ঐতিহাসিক ও সামাজিক-সাংস্কৃতিক সম্পর্ক অত্যন্ত দৃঢ়। ২০১৫ সালে প্রধানমন্ত্রী মোদীর সফরের সময় উভয় দেশের সম্পর্ক উন্নীত হয়ে বর্ধিত কৌশলগত অংশীদারিত্বের পর্যায়ে পৌঁছেছে। আগামী বছর উভয় দেশ বর্ধিত কৌশলগত অংশীদারিত্বের দ্বিতীয় দশকে প্রবেশ করতে চলেছে। প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের এই সফর ভারত-মালয়েশিয়া দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও শক্তিশালী করে ভবিষ্যতের জন্য বহুখাত সহযোগিতার রূপরেখা নির্ধারণে সহায়ক হবে বলে আশা করা যায়।

নতুন দিল্লি

অগাস্ট 18, 2024